

নথি নং-০৯.৩১২.০১৯.০২.০০.০২৩.২০০৯/ ৭৭৪

তারিখঃ ০৯/০৩/২০১৭ খ্রিঃ

প্রজ্ঞাপন

গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ৭ (১) এর বিধান অনুযায়ী গণ কর্মকর্তা/কর্মচারির বয়স ৫৯ (উনষাট) বৎসর পূর্তিতে অবসর-উত্তর ছুটিতে গমন করবেন। সে অনুযায়ী অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ব্যক্তিগত কর্মকর্তা জনাব আলতাফ হোসেন এর এস.এস.সি'র সনদ অনুযায়ী জন্ম তারিখ ১২/০৩/১৯৫৮ খ্রিষ্টাব্দ হওয়ায় বিধি মোতাবেক তিনি ১২/০৩/২০১৭ তারিখে অবসর-উত্তর ছুটিতে গমন করবেন। অর্থ বিভাগের ০৬/০৪/২০১০ তারিখের ৬২ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী ৫৯ (উনষাট) বছর পূর্তির দিনটি সংশ্লিষ্ট গণকর্মকর্তা/কর্মচারিগণের অবসর গ্রহণের দিন হিসেবে গণ্য হবে। সে পরিপ্রেক্ষিতে ১১/০৩/২০১৭ তারিখ অকর্ম দিবস (Non-working day) গণ্য করে জনাব আলতাফ হোসেন-কে ১২/০৩/২০১৭ তারিখ হতে তাঁর অবসর-উত্তর ছুটি গমনের তারিখ নির্ধারণ করা হ'ল।


২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক প্রদত্ত ছুটির প্রতিবেদন অনুসারে দেখা যায় তাঁর পূর্ণ গড় বেতনে ২ বছর ৩ মাস ২৬ দিন এবং অর্ধগড় বেতনে ২ বছর ৮ মাস ছুটি পাওনা আছে।

৩। এ প্রেক্ষিতে ব্যক্তিগত কর্মকর্তা, জনাব আলতাফ হোসেন-কে ১২/০৩/২০১৭ থেকে ১১/০৩/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি নির্দেশক্রমে মঞ্জুর করা হ'ল।

৪। জনাব আলতাফ হোসেন এর মূল বেতন-২৯,৩৭০/- টাকা। সে অনুযায়ী বিধি মোতাবেক জনাব আলতাফ হোসেন এর অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ (২৯,৩৭০×১৮)=৫,২৮,৬৬০/- (পাঁচ লক্ষ আটশ হাজার ছয়শত ষাট) টাকা নগদায়ন ভাতা (ল্যাম্পগ্র্যান্ট) মঞ্জুরির আদেশ প্রদান করা হ'ল।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(আফরিনা ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯১১৯৭১৯

নথি নং-০৯.৩১২.০১৯.০২.০০.০২৩.২০০৯/ ৭৭৪

তারিখঃ ০৯/০৩/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ

- ১। যুগ্ম-সচিব, বিশ্বব্যাংক-১ অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ২। উপ-সচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)
- ৪। সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা
- ৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ৭। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন ও মধ্যপ্রাচ্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ৯। যুগ্ম সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ১০। জনাব আলতাফ হোসেন, ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ১১। ব্যক্তিগত নথি


(আফরিনা ইসলাম)
সিনিয়র সহকারী সচিব